অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/12/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মূল জলপথ সম্পূর্ণ হওয়ার 200 তম বার্ষিকী এবং নিউ ইয়র্কের উপর অবিরত প্রভাবের স্মরণে ইর ক্যানাল দ্বিশতবর্ষীয় কমিশনের কথা ঘোষণা করেছেন

2024 স্টেট অফ দ্যা স্টেট অ্যাড্রেসে প্রবর্তিত, কমিশন আগামী দুই বছর ধরে ইভেন্ট এবং কার্যকলাপের একটি ব্যাপক নির্ঘণ্টের জন্য দায়বদ্ধ থাকবে

পরের বছর বাফেলোতে অনুষ্ঠিত 2025 সালের ওয়ার্ল্ড ক্যানালস কনফারেন্সে উদযাপন শেষ হবে

গভর্নর হোকল আজ মূল ইর ক্যানেল সম্পূর্ণ হওয়ার 200 তম বার্ষিকী স্মরণে ইর ক্যানাল দ্বিশতবর্ষীয় কমিশনের (Erie Canal Bicentennial Commission) কথা ঘোষণা করেছেন। প্রাথমিকভাবে জানুয়ারিতে গভর্নরের স্টেট অফ দ্যা স্টেট অ্যাড্রেসের (State of the State Address) অংশ হিসাবে প্রবর্তিত, এই নতুন কমিশন নিশ্চিত করবে যে ইর ক্যানেল দ্বিশতবর্ষকে কমিউনিটি ইভেন্ট, ক্যানেলের পরিকাঠামোতে মূলধনী বিনিয়োগ এবং এই ঐতিহাসিক জলপথের সাথে স্টেটের সম্পর্ক নিয়ে গঠিত বিভিন্ন কাহিনী বলার মাধ্যমে স্বীকৃত হবে। । 2024 এবং 2025 জুড়ে নেওয়া এই বাস্তব প্রচেষ্টাগুলি প্রখ্যাত এবং জনপ্রিয় নিউইয়র্ক স্টেট ক্যানেল সিস্টেমের (New York State Canal system) সাথে পরবর্তী শতাব্দীর অপারেশন এবং সুযোগগুলির সমন্বয় এবং ভিত্তি তৈরি করবে।

"ইর ক্যানেল নিউ ইয়র্কের কাহিনীর একটি অবিচ্ছেদ্য অংশ এবং আমরা এই গুরুত্বপূর্ণ জলপথের দ্বিশতবার্ষিকী উদযাপন করার সময়, আমরা ক্যানেলের ইতিহাসকে সম্মান জানাবো এবং এর প্রাণবন্ত ভবিষ্যতের দিকে তাকিয়ে থাকব," **বলেছেন গভর্নর হোকল।** "একজন আজীবন নিউ ইয়র্কের বাসিন্দা এবং ক্যানেলে সফরকারী বাফেলোর উত্সাহী নৌযাত্রী হিসেবে, আমি আমাদের স্টেটের ইতিহাসে এই জলপথের গুরুত্ব বুঝি এবং এর গুরুত্ব শুধুমাত্র বহুসংখ্যক আপস্টেট কমিউনিটির পরিচয়ের জন্য নয়, তাদের অর্থনৈতিক জীবিকার জন্যও।"

উদযাপনের সমাপ্তি হবে 2025 সালের বাফেলোতে ওয়ার্ল্ড ক্যানেল কনফারেন্সের মাধ্যমে, 21-25 সেপ্টেম্বর এবং সেনেকা প্রধান, বাফেলো মেরিটাইম সেন্টারের (Buffalo Maritime Center) রেপ্লিকা জাহাজের প্রস্থানের মাধ্যমে যা গভর্নর ডেভিট ক্লিনটনের 1825 সালের উদ্বোধনী ইর ক্যানেল থেকে নিউ ইয়র্ক বন্দর পর্যন্ত আন্তঃ-স্টেট সফরকে পুনরায় চালু করবে।

2025 সালে বাফেলোতে সর্বশেষ ইভেন্টের দিকে অগ্রসর হয়ে, কমিশন কমিউনিটি ইভেন্ট, ক্যানেলের পরিকাঠামোতে মূলধন বিনিয়োগ এবং উদযাপনের থিম, "রেইজিং মোর ভয়েসেস (Raising More Voices)" এর স্বীকৃতিস্বরূপ বিভিন্ন কাহিনী বলাকে সমর্থন করবে।" কিছু কার্যকলাপের মধ্যে রয়েছে:

- **কমিউনিটি ইভেন্ট:** নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশন (New York State Canal Corporation) এবং ইর ক্যানালওয়ে ন্যাশনাল হেরিটেজ করিডোর (Erie Canalway National Heritage Corridor) অনুদান প্রোগ্রাম দ্বারা অর্থায়ন করা আপস্টেট নিউইয়র্ক জুড়ে অসংখ্য ইভেন্ট।
- **শিল্পকলা ও সংস্কৃতি:** নিউ ইয়র্ক স্টেট অর্কেস্ট্রার সাথে অংশীদারিত্ব যেখানে উদীয়মান এবং বৈচিত্র্যময় কম্পোজার রয়েছেন এবং যা ক্যানেলের পাশে জলসা এবং শিক্ষামূলক কর্মসূচির অফার করেন।
- **একাডেমিক ফোরাম:** স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York) এবং ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) সাথে অংশীদারিত্বে, SUNY/ ইর ক্যানেল দ্বিশতবার্ষিকী ফোরাম সিরিজ (Erie Canal Bicentennial Forum Series)-এ পাবলিক লেকচার এবং প্যানেল আলোচনার একটি সময়সূচী অন্তর্ভুক্ত থাকবে যা SUNY ক্যাম্পাসে আয়োজিত হবে এবং বিভিন্ন বিষয়কে আওতাভুক্ত করবে। কীভাবে ক্যানেল সিস্টেমকে পুনরুজ্জীবিত করা যায় এবং উচ্চতর অর্থনৈতিক উন্নয়ন এবং পরিবেশগত ন্যস্ত দায়িত্বের সর্বোচ্চ চালক করা যায় এই সেশনগুলি সেগুলিই অন্বেষণ করবে।
- **দ্বিশতবর্ষীয় প্রচারণার টুলকিট:** ইর ক্যানালওয়ে ন্যাশনাল হেরিটেজ করিডোর এবং I LOVE NY (আই লাভ নিউ ইয়র্ক) থেকে তহবিল দ্বারা সমর্থিত, ক্যানেল জুড়ে কমিউনিটিগুলি স্থানীয় উদযাপনের আয়োজন করতে পারবে এবং ধারাবাহিক বার্তা প্রচার, সোশ্যাল মিডিয়া ছবি এবং ভিডিও, ফ্যাক্ট শীট, ডিসপ্লে ব্যানার এবং সেপ্টেম্বর 2025 এর জন্য উত্তেজনা এবং আবেগ তৈরি করতে উপহার দিতে পারবে।
- **লিগেসি প্রকল্পসমূহ:** কমিউনিটির মূল জলভাগের উন্নয়ন এবং সংরক্ষণ প্রকল্প এবং বিনোদনমূলক পথ এবং সুযোগ-সুবিধাগুলিতে নতুন বিনিয়োগের জন্য ফিতা কাটা।
- **অর্থনৈতিক উন্নয়ন:** ক্যানেলটি যে তার তৃতীয় শতাব্দীতে প্রবেশ করার সাথে সাথে আপস্টেট কমিউনিটিগুলির জন্য একটি অর্থনৈতিক চালক হিসাবে রয়ে গেছে তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) অ্যান্ড ক্যানাল কর্পোরেশন (Canal Corporation) এর বিনিয়োগের ঘোষণা।

এই ইভেন্টগুলি আপস্টেট অর্থনীতির এবং সরকারি বিনোদনমূলক সম্পদের একটি চালক হিসাবে নিউ ইয়র্কের উদ্ভাবনী দক্ষতার সারমর্ম এবং তার সমসাময়িক ভূমিকার একটি ঐতিহাসিক উদাহরণ হিসাবে ক্যানেল সিস্টেমের গুরুত্বপূর্ণ ভূমিকাকে তুলে ধরবে।

নিউ ইয়র্কের গভর্নরের স্বামি উইলিয়াম জে. হোকল জুনিয়র এবং নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশনের পরিচালক ব্রায়ান ইউ. স্ট্রাটনের স্বেচ্ছাসেবক হিসেবে সহ-সভাপতিত্ব করবেন

এবং কমিশন, 2024 ও 2025 জুড়ে একগুচ্ছ জনসভা এবং স্মারক অনুষ্ঠানের পরিকল্পনা, সময়সূচী নির্ধারণ এবং সম্পাদনের জন্য দায়বদ্ধ থাকবে।

কমিশনের সহ-সভাপতিদের সাথে নিউইয়র্ক স্টেট সেক্রেটারি অফ স্টেট (New York State Secretary of State) ওয়াল্টার টি. মোসলে সহ অনারারি কমিশন সদস্যগণ; এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, সিইও এবং কমিশনার হোপ নাইট; এবং পার্কস, বিনোদন, এবং ঐতিহাসিক সংরক্ষণের অফিসের বর্তমান কমিশনার র‍্যান্ডি সিমন্স, 524-মাইল নিউইয়র্ক স্টেট ক্যানেল সিস্টেম বরাবর পরবর্তী শতাব্দীর অপারেশন এবং সুযোগগুলির ভিত্তি তৈরি করতে যোগ দেবেন।

গভর্নরের স্বামি এবং ইর ক্যানাল দ্বিশতবর্ষীয় কমিশনের সহ-সভাপতি উইলিয়াম জে. হোকল জুনিয়র বলেছেন, "যেহেতু আমরা ক্যানেলটির অপারেশনের 200 বছরের সীমার কাছাকাছি পৌঁছেছি, তাই আমাদের ক্যানেলের শেয়ার করা ইতিহাস বর্ণনা করা জন্য বিভিন্ন মতামতকে উন্নীত করার জন্য আমাদের প্রচেষ্টার নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে আমি এর থেকে ভালো কোনো গোষ্ঠীর কথা ভাবতে পারি না। আমি বাফেলোতে বড় হয়েছি – শুধু নৌকা বিহার এবং বিনোদনের জন্য নয়, পর্যটন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির একজন অবিচল চালক হিসেবেও আমি আমার কমিউনিটিতে ক্যানেলটির গুরুত্ব চোখের সামনে দেখেছি। আমাদের স্টেটের কিছু খোলা মনের মানুষের সাথে এই কমিশনের সহ-সভাপতি হতে পেরে আমি গর্বিত এবং আমি সমস্ত ইভেন্ট এবং আলোচনা আসার অপেক্ষায় রয়েছি।"

নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের পরিচালক ব্রায়ান ইউ স্ট্রাটন বলেন, "ইর ক্যানেলের 200 বছরের বার্ষিকী মাইলফলকের প্রাক্কালে, ইর ক্যানেল দ্বিশতবর্ষীয় কমিশন গড়ে তোলার জন্য আমরা, গভর্নর হোকল, তার স্বামি এবং আমাদের স্টেক হোল্ডার এবং এজেন্সি অংশীদারদের সাথে কাজ করতে পেরে উচ্ছ্বসিত। নিউ ইয়র্কের ইতিহাসে ইর ক্যানেল একটি বিশেষ তাৎপর্য বহন করে এবং আমরা এই বার্ষিকীকে চিহ্নিত করতে এবং একটি প্রাণবন্ত এবং আরও অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যত নিশ্চিত করার জন্য সমগ্র ক্যানেল সিস্টেমের সাথে অপারেশন এবং সুযোগের পরবর্তী শতাব্দী উদযাপন করার জন্য একটি দুই বছরের ব্যাপক পরিকল্পনায় নিযুক্ত থাকব। ঐতিহাসিক নৌপথ এবং কমিউনিটি ইভেন্ট, ক্যানেল পরিকাঠামোতে মূলধনী বিনিয়োগ, এই ঐতিহাসিক জলপথের সাথে নিউইয়র্ক এবং দেশের গভীর সম্পর্ক ব্যক্ত করে বিভিন্ন আখ্যানের কাহিনী বলার মাধ্যমে আপস্টেট কমিউনিটিগুলিতে এর অবিরত প্রভাবকে দ্বিশতবর্ষীয় কমিশন স্বীকৃতি দেবে।"

নিউইয়র্ক স্টেট সেক্রেটারি অফ স্টেট ওয়াল্টার টি. মোসলে বলেছেন, "যত আমরা দ্বিশতবর্ষের দিকে এগিয়ে যাচ্ছি, অর্থনৈতিক প্রবৃদ্ধির উপর ইর ক্যানেলের বিশাল প্রভাবকে প্রচার করার এবং যে সমস্ত বিভিন্ন মতামতের ওপর ভিত্তি করে এই উন্নয়ন, তার ওপর প্রখর দৃষ্টি রেখে এর আখ্যানমূলক ইতিহাস আলোচনা করার এর থেকে ভালো সময় আর কখনও আসেনি। এই কমিশনের অংশ হিসেবে নির্বাচিত হওয়ার জন্য আমি গর্বিত এবং আমি গভর্নর হোকলকে তার ধারাবাহিক নেতৃত্বের জন্য সাধুবাদ জানাই।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "ইর ক্যানেল নিউ ইয়র্ক স্টেটকে বাণিজ্যের একটি বৈশ্বিক কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা লাভ করতে সহায়তা করেছে এবং এর প্রভাব পর্যটন এবং ব্যবসা বাণিজ্যে অব্যাহত রয়েছে। দ্বিশতবর্ষ হল, লোকজন, বর্তমান ইর ক্যানেলকে যে সমস্ত ভাবে ব্যবহার করতে, অন্বেষণ করতে এবং তার অভিজ্ঞতা লাভ করতে পারে তার একটি আকর্ষণীয় সুযোগ, এবং অবিশ্বাস্য ইতিহাস এবং ক্যানেলের পার্শ্ববর্তী কমিউনিটিগুলি সম্পর্কে সরাসরি অভিজ্ঞতার জন্য একটি ভ্রমণের পরিকল্পনা করার জন্য বাসিন্দাদের এবং দর্শনার্থীদের জন্য উপযুক্ত সময়।"

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিসকল বলেন, "ক্যানাল কর্পোরেশন 2017 সালে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির একটি সহায়ক সংস্থা হয়ে উঠেছে, সেই একই বছরে যে বছরটি ইর ক্যানেলের নির্মাণকাজ শুরু হওয়ার 200তম বার্ষিকী চিহ্নিত হয়েছে। আমরা গর্বিত যে, দ্বিশতবর্ষের সময়কালে, আমরা বিনিয়োগের মাধ্যমে এই ঐতিহাসিক জলপথটি সম্পর্কিত ন্যস্ত দায়িত্ব পালন করতে সক্ষম হয়েছি যা নিশ্চিত করে যে আগামী কয়েক বছর ধরে ক্যানেলটিকে পুনরুজ্জীবিত হয়ে উঠবে। দ্বিশতবার্ষিক কমিশনে গভর্নর হোকল এবং অংশগ্রহণকারী আমাদের সহযোগী সংস্থাগুলির একত্রে, ইর ক্যানেল নিউ ইয়র্ক স্টেটের জন্য কতটা গুরুত্বপূর্ণ আমাদের তা প্রতিফলিত করার এবং ভবিষ্যত প্রজন্মের জন্য সমস্ত ক্যানেল কতটা গুরুত্ব বহন করে আগামী দিনে আমাদের তা দেখার সুযোগ রয়েছে।"

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation) এর বর্তমান কমিশনার র‍্যান্ডি সিমন্স বলেছেন, "ইর ক্যানেলের ইতিহাস বিস্ময়কর বিভিন্ন কাহিনী, অভিজ্ঞতা এবং দৃষ্টিভঙ্গি নিয়ে গঠিত। গভর্নর হোকল কর্তৃক এই কমিশন গড়ে তোলার মাধ্যমে, ক্যানেলের 200 বছরের উত্তরাধিকার সম্পর্কে গভীর এবং অন্তর্নিহিত উপলব্ধি গড়ে তুলতে এবং আগামী বছরগুলিতে এটির উন্নতির যে সম্ভাবনা রয়েছে সে সম্পর্কে আমরা এই সমস্ত বিভিন্ন দৃষ্টিভঙ্গিকে একযোগে নিয়ে আসতে পারি। আমি এই কথোপকথনের একটি অংশ হতে পেরে রোমাঞ্চিত এবং নিউ ইয়র্কের সবচেয়ে মূল্যবান বিনোদনমূলক আশ্রয়স্থলগুলির চ্যাম্পিয়ন হওয়ার জন্য গভর্নর হোকলকে আমি ধন্যবাদ জানাই।"

ইর ক্যানেল দ্বিশতবর্ষ কমিশনের কার্যক্রম এবং ইভেন্টগুলি সম্পর্কে অবগত থাকার জন্য, অনুগ্রহ করে www.canals.ny.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন